

ভর্তিচ্ছূদের প্রথম পছন্দের কেন্দ্রেই হবে রাবি ভর্তি পরীক্ষা

রাবি সংবাদদাতা

প্রকাশিত: ১৭:০৮, ৭ মার্চ ২০২৫



ছবি: সংগৃহীত

×

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় ভর্তিচ্ছুরা ② তাদের প্রদত্ত প্রথম পছন্দের কেন্দ্রেই পরীক্ষা দিতে পারবেন। আজ শুক্রবার (৭ মার্চ) বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্ত জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ সিদ্ধান্ত অনুযায়ী, দুটি ইউনিটের ভর্তি পরীক্ষা দুই শিফটে অনুষ্ঠিত হবে।

×

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, 'রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তিচ্ছুরা তাদের প্রদত্ত প্রথম পছন্দের কেন্দ্রে পরীক্ষা দিতে পারবেন। 'এ' এবং 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা ২ শিফটে অনুষ্ঠিত হবে। প্রথম শিফট সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত এবং দ্বিতীয় শিফট দুপুর ২:৩০ থেকে বিকেল ৩:৩০ পর্যন্ত। আর 'বি' ইউনিটের পরীক্ষা শুধুমাত্র এক শিফটে অনুষ্ঠিত হবে, সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। শুক্রবার সকালে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ভর্তি উপকর্মটির সভায় ভর্তিচ্ছু ও তাদের অভিভাবকদের উদ্বেগের বিষয়টি বিবেচনায় নিয়ে এই সিদ্ধান্ত নেওয়া হয়।'

বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়েছে, 'পরীক্ষার তারিখসমূহ অপরিবর্তিত থাকবে এবং ভর্তি পরীক্ষার্থীদেরকে পূর্বের ইস্যু করা প্রাথমিক প্রবেশপত্রটি বাতিল বলে গণ্য হবে। তবে শীঘ্রই পরীক্ষার্থীদের জন্য নতুন রোল নম্বর এবং প্রাথমিক প্রবেশপত্র ইস্যু করা হবে।'

অন্যদিকে, এবারের ভর্তি পরীক্ষা ৫ বিভাগীয় শহরের পাঁচটি প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেন্টারের পরিচালক অধ্যাপক ছাইফুল ইসলাম। শুক্রবার দুপুরে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে 'রাজশাহী বিশ্ববিদ্যালয় সংসদ' নামক একটি গ্রুপে এ তথ্য জানিয়ে পোস্ট করেন তিনি।